

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৯৪

ধর্মনগর, ২৪ মে, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

ভোট গণনার প্রস্তুতি খতিয়ে দেখতে উত্তর ত্রিপুরা জেলা সফরে সিইও



২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের নির্বাচনের ভোট গণনার প্রস্তুতি নিয়ে আজ উত্তর ত্রিপুরা জেলায় এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। পর্যালোচনা সভায় সভাপতিত্ব করেন রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক (সিইও) পুনিত আগরওয়াল। উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক কার্যালয়ের ভিডিও কনফারেন্স হলে আয়োজিত এই পর্যালোচনা সভায় উপস্থিত ছিলেন জেলা নির্বাচন আধিকারিক তথা জেলাশাসক ও সমাহর্তা দেবপ্রিয় বর্ধন, পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী, অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস, অতিরিক্ত জেলাশাসক সুভাষ চন্দ্র সাহা, ধর্মনগর মহকুমার মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া, কাঞ্চনপুর মহকুমার মহকুমা শাসক প্রদীপ কৃষ্ণরাজ, পানিসাগর মহকুমার মহকুমা শাসক সুশান্ত দেববর্মা, উত্তর ত্রিপুরা জেলার বিভিন্ন বিধানসভা ক্ষেত্রের অ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসারগণ, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

সভায় মুখ্য নির্বাচন আধিকারিক পুনিত আগরওয়াল ভোট গণনার কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, ভোট গণনার সাথে যুক্ত প্রতিটি কাজ পরিকল্পনা অনুযায়ী করতে হবে। সভায় মুখ্য নির্বাচন আধিকারিক ভোট গণনার দিন নিরাপত্তা ব্যবস্থা, বিভিন্ন বিধিনিষেধ ও গণনাকার্য সম্পন্ন করার উপরও গুরুত্ব আরোপ করেন। নিরাপত্তা কর্মীদের পেট্রোলিং এরিয়া ডমিনেশন বিষয় নিয়েও তিনি আলোচনা করেন। সভায় মুখ্য নির্বাচন আধিকারিক জানান, গণনা কেন্দ্রের ১০০ মিটারের মধ্যে ১৪৪ ধারা জারি করা, ট্রাফিক ব্যবস্থা নিয়ন্ত্রণ, গণনাকেন্দ্রে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ সুনিশ্চিত করতে হবে। তাছাড়াও গণনা প্রক্রিয়ার ভিডিওগ্রাফি করার ব্যবস্থা থাকবে। সভায় জেলা নির্বাচন আধিকারিক দেবপ্রিয় বর্ধন জানান, ভোট গণনার কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে জেলায় বিভিন্ন প্রস্তুতি নেওয়া হয়েছে। গণনাকর্মীদের প্রথম পর্বের মহড়া সম্পন্ন হয়েছে। জেলার প্রতিটি মহকুমায় রাজনৈতিক দলের প্রতিনিধিদের সাথেও সভা করা হয়েছে।

*****২য় পাতায়

(২)

মুখ্য নির্বাচন আধিকারিক পুনিত আগরওয়াল এদিন ধর্মনগরের বীর বিক্রম ইনস্টিটিউশনে স্ট্রং রুম, গণনা কেন্দ্র ও গণনা কেন্দ্রের সিসি ক্যামেরার মনিটরিং রুম পরিদর্শন করেন। জেলা নির্বাচন আধিকারিক দেবপ্রিয় বর্ধন, এসপি ভানুপদ চক্রবর্তী, অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস, সুভাষ চন্দ্র সাহা ধর্মনগরের মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া প্রমুখ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, বীর বিক্রম ইনস্টিটিউশনের গণনাকেন্দ্রে ৫৪-কদমতলা-কুর্তি, ৫৫- বাগবাসা, ৫৬-ধর্মনগর ও ৫৭-যুবরাজনগর বিধানসভা ক্ষেত্রের ভোট গণনা কেন্দ্র রয়েছে।

মুখ্য নির্বাচন আধিকারিক আজ পানিসাগর পঞ্চায়েত সমিতির কার্যালয়ে ৫৮-পানিসাগর বিধানসভা ক্ষেত্রের স্ট্রং রুম ও গণনা কেন্দ্র পরিদর্শন করেন। পরিদর্শনের সময় মুখ্য নির্বাচন আধিকারিক সংশ্লিষ্ট আধিকারিকদের সাথে স্ট্রং রুম ও ভোট গণনার প্রস্তুতির বিষয়ে খোঁজ খবর নেন ও মতবিনিময় করেন।
